

## সিলেটের বিখ্যাত খাবার

যেকোন নতুন জায়গায় যাওয়ার পর স্বাভাবিক ভাবে দু'টা জিনিস নিয়ে প্রথমেই ভাবতে হয়। থাকা এবং খাওয়া। থাকা নিয়ে তেমন সমস্যা না হলে (এটা বাজেট নির্ভর) খাবারের ক্ষেত্রে বিশেষ সতর্কতা অবলম্বন করতে হয়। দেশের প্রতিটা জায়গায় খাবারের হোটেলের অভাব না থাকলেও মানসম্মত খাবারের অভাব বোধকরি সবাই অনুভব করেন। যখন আপনার পকেট থেকে ঠিকই খাবারের টাকা যাচ্ছে তখন মানের সাথে আর কেনইবা আপোষ করবেন। হ্যাঁ আজকের এই ডকটা শুধু মাত্র খাবার নিয়ে। যেহেতু সিলেট শহরে থাকা তাই সিলেটের খাবার নিয়েই কথা বলা। আরেকটা কথা বলে রাখা ভাল নিচের খাবারগুলো খুবই জনপ্রিয় এবং কম দামে সিলেটের সেরা বলা যায়। এখানে পানসী রেস্টুরেন্টের সস্তা প্লাস মান সম্মত খাবারের কথা তুলে ধরা হল। বলে রাখা ভাল পানসী রেস্টুরেন্টের অবস্থান জিন্দাবাজার, সিলেট।

সকালের নাস্তা:

খাবার: গরুর মাংসের আখনি। অসাধারণ স্বাদ। শুক্র এবং শনিবার সকাল ৯টার পরে পাওয়াটা ভাগ্যের ব্যপার।

স্বাদ: ১০ এ ১০।

দুপুরের খাবার:

খাবার: বিভিন্ন রকম ভর্তা। সাতকরা দিয়ে গরুর মাংস। পানসীতে খেলে আমি সাধারণত গরুর মাংসের এই আইটেমটা মিস করিনা। আর বেশির ভাগ ভর্তা আইটেম দুপুরে পাওয়া যায়। তাই ভর্তাটা মিস করবেননা।

স্বাদ: ১০ এ ১০।

রাতের খাবার:

খাবার: রাতে তেমন ভর্তা পাবেন না। ঝাল ফ্রাইটা ড্রাই করতে পারেন। খুব পপুলার এটাও।

স্বাদ: ১০ এ ৮।

## আর যা খেতে পারেন:

যদি আপনি পান খেতে ভালবাসেন তবে অবশ্যই সেটা মিস করবেননা। পানসী রেস্টুরেন্টের ঠিক সামনেই বেশ কিছু পানের দোকান আছে। সেখান থেকে আপনার চাহিদামত অথবা মিষ্টি পান খেয়ে দেখতে পারেন। আমার কাছে মিষ্টি পানটা অসাধারণ লাগে। আপনার কাছেও লাগতে পারে।

অনেকেই গরুর মাংস খান না বা খেতে পারেন না। তাদের হতাশ হবার কারণ নাই। তারা ভর্তা এবং অন্য খাবার ট্রাই করতে পারেন। উপরের খাবারগুলো খুবই পপুলার তাই এই রিভিউ। আশা করি হতাশ হবেননা।

সিলেটের বাহিরে যেখানে যা খাবেন:

- ম্যানেজার স্টলের মিষ্টি, সেন্ট্রাল রোড, মৌলভীবাজার।
- শ্রীমঙ্গলের সাত কালার চা, শ্রীমঙ্গল।
- বড়লেখার সাতকরা, বড়লেখা, মৌলভীবাজার।